গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উন্নয়ন-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৮.০৭.০৫০.২২-**২১৫**

তারিখঃ ১১ বৈশাখ ১৪২৯ / ২৪ এপ্রিল ২০২২

# অফিস আদেশ

বিষয়ঃ কমিটি গঠন।

বিশ্বব্যাংকের আর্থিক সহয়তায় এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন Western Economic Corridor & Regional Enhancement Program (WeCARE) Phase-I: LGED শীর্ষক প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত অধিগ্রহণকৃত বিদ্যমান জমি, অবকাঠামো, গাছপালা, ব্যবসা প্রতিষ্ঠান ও বসবাসকারী ক্ষতিগ্রস্ত ব্যক্তি/পরিবারকে ক্ষতিপূরণের জন্য প্রচলিত আইনের অধীনে এবং উন্নয়ন সহযোগীর সাথে সম্মত পুনর্বাসন নীতি কাঠামোর আলোকে (Resettlement Policey Framework) প্রকল্প বাস্তবায়নকালে সম্পদ (স্থাবর/অস্থাবর) ক্ষতিগ্রস্ত হলে ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গের অভিযোগের প্রেক্ষিতে স্বচ্ছতার ভিত্তিতে স্বল্প সময়ের মধ্যে নিরসণের লক্ষ্যে নিম্নরূপ কমিটির গঠন করা হলোঃ

**(১.১) যৌথ জরিপ কমিটি (Joint Verification Committee):**

(ক) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট জেলা - আহবায়ক
(খ) ভূমি হুকুম দখল কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা - সদস্য
(গ) রিসেটেলমেন্ট অফিসার, Implementation Support to Evnironmental & Social Safeguards Consultancy Services, WeCARE প্রকল্প - সদস্য সচিব

**কর্মপরিধিঃ**

১. ক্ষতিগ্রস্ত জমি বা জলাশয়ের শ্রেণি নির্ধারণ;
২. ক্ষতিগ্রস্ত শস্য, বৃক্ষ/গুল্ম জাতীয় উদ্ভিদের ধরণ, আকার এবং পরিমাণ নির্ধারণ;
৩. ক্ষতিগ্রস্ত ব্যবসা, আবাসিক, বাণিজ্যিক এবং কমিউনিটি অবকাঠামোর ধরণ নির্ধারণ;
৪. সকল ধরণের ক্ষতিগ্রস্ত সম্পত্তি, ব্যবসা বা অবকাঠামোর বৈধ (Entitled) এবং স্বত্ববিহীন (Non-titled) উভয় ধরণের মালিকানা নির্ধারণ;
৫. ক্ষতিগ্রস্ত দক্ষ এবং অদক্ষ কর্মচারী চিহ্নিতকরণ;
৬. ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র নৃ-তাত্তিক জনগোষ্ঠির চিহ্নিতকরণ;
৭. Resettlement Policy Framework বাস্তবায়নের ক্ষেত্রে সহায়তা প্রদানকরণ।

**(১.২) সম্পদের মূল্য নির্ধারণ পরামর্শক (Property Valuation Advisory Committee) কমিটি**

(ক) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট জেলা - আহবায়ক
(খ) ভূমি হুকুম দখল কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা - সদস্য
(গ) রিসেটেলমেন্ট অফিসার, Implementation Support to Evnironmental & Social Safeguards Consultancy Services, We-CARE প্রকল্প - সদস্য সচিব

**কর্মপরিধিঃ**

১. ক্ষতিপূরণ নীতিমালার আলোকে অধিগ্রহণের ফলে ক্ষতিগ্রস্ত ভূমি, অবকাঠামো ও গাছপালার মূল্যসহ অতিরিক্ত নগদ মঞ্জুরি ও অন্যান্য সম্পদের ক্ষতিপূরণ হিসাবে বাজার মূল্য প্রদানকল্পে মূল্য জরিপ পরিচালনা করে ভূমি, অবকাঠামো, গাছপালার ও অন্যান্য সম্পদের বর্তমান মূল্য নিরূপণ ও মূল্য তালিকায় স্বাক্ষরকরণ;

২. সরকারি বিভিন্ন সংস্থার জমিতে অবস্থানরত ব্যক্তিদের ক্ষতিগ্রস্ত সম্পদের মূল্য জরিপ পরিচালনা করে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদানের জন্য বাজার দর অনুযায়ী বর্তমান মূল্য নিরূপণ ও মূল্য তালিকায় স্বাক্ষরকরণ;

৩. ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের অবস্থার উন্নতি সাধান করা, আয় উপার্জন ও উৎপাদন বৃদ্ধি করা, জীবন যাত্রার মান উন্নয়নে প্রকল্প কর্তৃপক্ষকে সহায়তা প্রদান করা;

৪. ক্ষতিগ্রস্ত হতদরিদ্রদের স্বার্থ বাস্তবায়নে সহায়তা করা;

৫. ক্ষতিগ্রস্ত সম্পদের সঠিক ক্ষতিপূরণ নিরূপণ এবং ক্ষতিপূরণের অর্থ চেকের মাধ্যমে বিতরণে সহায়তাকরণ;

৬. দক্ষ এবং অদক্ষ শ্রমিকের মজুরি নির্ধারণকরণ;

৭. ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র নৃ-তাত্তিক জনগোষ্ঠির সাথে আলোচনা করে ক্ষতিপূরণের প্যাকেজ নির্ধারণ;

৮. প্রকল্পের সময়সীমা অনুসরণে উপরোক্ত কার্যাদি সম্পাদন করে সংশ্লিষ্ট কাগজপত্র/প্রতিবেদন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের নিকট পেশকরণ।

**(১.৩) পুনর্বাসন উপদেষ্টা (Resettlement Advisory Committee) কমিটি**

(ক) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট উপজেলা - আহবায়ক

(খ) একজন পুরুষ ও একজন মহিলা প্রতিনিধি, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কর্তৃক মনোনীত - সদস্য

(গ) বিভিন্ন পেশা এবং ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গের মধ্য হতে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কর্তৃক মনোনীত ০৩(তিন) জন প্রতিনিধি (যার মধ্যে কমপক্ষে একজন মহিলা) - সদস্য

(ঘ) রিসেটেলমেন্ট অফিসার, Implementation Support to Evnironmental & Social Safeguards Consultancy Services, WeCARE প্রকল্প -সদস্য সচিব

**কর্মপরিধিঃ**

১. পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নে স্থানীয় সমস্যাসমূহ চিহ্নিত করে তা সমাধানের জন্য বাস্তবায়নকারী কর্তপক্ষকে সহায়তাকরণ;

২. Resettlement Policy Framework অনুযায়ী কমিটির অধিভুক্ত অন্য যে কোন কার্যাবলী।

০২. **অভিযোগ নিরসন কমিটি ও নিষ্পত্তি প্রক্রিয়াঃ** অভিযোগ নিরসন প্রক্রিয়া নিম্নরূপভাবে চারটি স্তরে বাস্তবায়িত হবে যথা- উপজেলা পর্যায়ে প্রাথমিক স্তর, জেলা পর্যায়ে দ্বিতীয় স্তর, প্রকল্প ব্যবস্থাপনা পর্যায়ে তৃতীয় স্তর এবং স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় পর্যায়ে চতুর্থ স্তরঃ

**(২.১) প্রাথমিক স্তর (উপজেলা অভিযোগ নিরসন কমিটি):**

ক. উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট উপজেলা - আহবায়ক

খ. চেয়ারম্যান/মেম্বার/কাউন্সিলর, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা - সদস্য

গ. মহিলা মেম্বার/কাউন্সিলর, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা - সদস্য

ঘ. প্রতিনিধি, প্রকল্প এলাকার একজন ক্ষতিগ্রস্ত ব্যক্তি/উপকারভোগী - সদস্য

ঙ. কমিউনিটি অর্গানাইজার, এলজিইডি, সংশ্লিষ্ট উপজেলা - সদস্য সচিব

উপজেলা অভিযোগ নিরসন কমিটির কার্যপরিধিঃ

ক. ক্ষতিগ্রস্ত ব্যক্তির অভিযোগ গ্রহণ এবং পারস্পারিক আলোচনার ভিত্তিতে তা নিরসন;

খ. ভূমি এবং/অথবা অবকাঠামো (Structures) অধিগ্রহণ, জীবিকা অর্জনের ওপর প্রভাব, প্রাপ্য ক্ষতিপূরণ (Entitlements) এবং বিভিন্ন সহযোগিতা সম্পর্কে ক্ষতিগ্রস্তদের অবহিতকরণ।

গ. ক্ষতিগ্রস্ত ব্যক্তি পরিচয় পত্র প্রাপ্তির অথবা ক্ষতিপূরণ সম্পর্কে অবহিত হওয়ার একমাসের মধ্যে অভিযোগ নিরসন কমিটির আহবায়ক বরাবর অভিযোগ দাখিল করিবেন।

ঘ. অভিযোগ যদি ভূমি অধিগ্রহণ আইনের পদ্ধতি অথবা প্রচলিত আইনের আওতাভুক্ত হয় সেক্ষেত্রে কমিটি জেলা প্রশাসক/আইনানুগ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার পরামর্শ দিবেন।

ঙ. সংশ্লিষ্ট ব্যক্তিকে বিরোধ নিষ্পত্তি সভায় আহবান জানাতে হবে এবং তার অভিযোগ উপস্থাপনের সুযোগ দিতে হবে।

চ. ক্ষতিগ্রস্ত ব্যক্তির অভিযোগ পুনর্বাসন নীতিমালার আওতাভুক্ত হলে প্রকল্প কর্তৃপক্ষের মাধ্যমে ক্ষতিপূরণ প্রাপ্তিতে সহযোগিতা প্রদান করবেন।

ছ. ক্ষতিগ্রস্ত ব্যক্তির অভিযোগ প্রাপ্তির পনেরো দিনের মধ্যে সিদ্ধান্ত প্রদান করবেন।

জ. অভিযোগকারী ব্যক্তির অভিযোগ সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী লিপিবদ্ধ করবেন।

ঞ. অভিযোগকারীর অভিযোগ বিষয়ে অগ্রগতি এবং কমিটির সিদ্ধান্ত অভিযোগকারীকে অবহিত করা।

ট. অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত যাবতীয় রেকর্ড ও সভার কার্যবিবরণী যথাযথভাবে সংরক্ষণ এবং প্রকল্প পরিচালককে অবহিত করা।

**(২.২) দ্বিতীয় স্তর (জেলা অভিযোগ নিরসন কমিটি):**

| | |
|---|---|
| ক. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট জেলা | - আহবায়ক |
| খ. চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান, সংশ্লিষ্ট উপজেলা পরিষদ | - সদস্য |
| গ. উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট উপজেলা পরিষদ | - সদস্য |
| ঘ. ল্যান্ড এ্যাকুইজিশন এন্ড রিসেটেলমেন্ট স্পেশ্যালিষ্ট, ইমপ্লিমেন্টেশন সাপোর্ট টু এনভাইরনমেন্টাল এন্ড সোশ্যাল সেইফ্‌গার্ড কন্‌সাল্টেন্সি সার্ভিসেস | - সদস্য |
| ঙ. ডিস্ট্রিক্ট সোসিওলজিস্ট, উইকেয়ার প্রোগ্রাম, এলজিইডি | - সদস্য সচিব |

জেলা অভিযোগ নিরসন কমিটির কার্যপরিধিঃ

ক. জেলা সোসিওলজিষ্ট, উইকেয়ার প্রোগ্রাম অভিযোগ ও প্রথম স্তরের সিদ্ধান্তসমূহ জেলা পর্যায় অভিযোগ নিরসন কমিটিতে উপস্থাপন করবেন।

খ. জেলা পর্যায়ে অভিযোগ নিরসন কমিটি অভিযোগ গ্রহণের পনের দিনের মধ্যে সভা আহবান করবেন।

গ. জেলা পর্যায়ে অভিযোগ নিরসন কমিটি ত্রিশ দিনের মধ্যে সিদ্ধান্ত প্রদান করবেন।

ঘ. ডিস্ট্রিক্ট সোসিওলজিস্ট, উইকেয়ার প্রোগ্রাম, জেলা পর্যায়ের অভিযোগ নিরসন কমিটির সভার সিদ্ধান্তসমূহ লিপিবদ্ধ করবেন এবং সভার কার্যবিবরণী জারি করবেন।

(২.৩) তৃতীয় স্তর (প্রকল্প পর্যায়ে অভিযোগ নিরসন কমিটি)ঃ

| | |
|---|---|
| ক. প্রকল্প পরিচালক, উইকেয়ার প্রোগ্রাম, ফেজ-১, এলজিইডি | - আহবায়ক |
| খ. নির্বাহী প্রকৌশলী, পিআইইউ, উইকেয়ার প্রোগ্রাম, ফেজ-১, এলজিইডি | - সদস্য |
| গ. ল্যান্ড এ্যাকুইজিশন, রিসেটেলমেন্ট এন্ড ইনকাম রিষ্টোরেসন স্পেশ্যালিষ্ট, উইকেয়ার প্রোগ্রাম, ফেজ-১, এলজিইডি | - সদস্য |
| ঘ. এনভায়রণমেন্টাল এন্ড সোশ্যাল সেইফ্‌গাডস স্পেশ্যালস্ট, প্রজেক্ট ম্যানেজমেন্ট কনসালটেন্ট, উইকেয়ার প্রোগ্রাম, ফেজ-১, এলজিইডি | - সদস্য |
| ঙ. উপ-প্রকল্প পরিচালক, উইকেয়ার প্রোগ্রাম, ফেজ-১, এলজিইডি | - সদস্য সচিব |

প্রকল্প পর্যায়ে অভিযোগ নিরসন কমিটির কার্যপরিধিঃ

ক. নির্বাহী প্রকৌশলী, উইকেয়ার প্রোগ্রাম, এলজিইডি, প্রথম ও দ্বিতীয় স্তরের অমীমাংসিত সিদ্ধান্তসমূহ প্রকল্প পর্যায়ে অভিযোগ নিরসন কমিটিতে উপস্থাপন করবেন।

খ. প্রকল্প পর্যায়ে অভিযোগ নিরসন কমিটি অভিযোগ গ্রহণের পনেরো দিনের মধ্যে সভা আহবান করবেন এবং ষাট দিনের মধ্যে সিদ্ধান্ত প্রদান করবেন।

ঘ. নির্বাহী প্রকৌশলী, উইকেয়ার প্রোগ্রাম, এলজিইডি অভিযোগ নিরসন কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৩. **চতুর্থ স্তরের অভিযোগ নিরসনঃ**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় পর্যায়ে চতুর্থ স্তরের অভিযোগ নিরসন কমিটি গঠিত হবে। কোন অভিযোগ যদি তৃতীয় স্তর পর্যায়ের কমিটিতে অমীমাংসিত থেকে যায়, সেক্ষেত্রে প্রকল্প পরিচালক (তৃতীয় পর্যায়ের অভিযোগ নিরসন কমিটির সভাপতি) ইহা নিরসনের জন্য মন্ত্রণালয়ে উপস্থাপন এবং নিরসনের উদ্যোগ গ্রহণ করবেন।


স্বা:

(জেসমিন পারভীন)
উপসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৭
Email: lgdev2@lgd.gov.bd


প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা।

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৮.০৭.০৫০.২২-**২১৫/০১(০৬)** তারিখঃ ১১ বৈশাখ ১৪২৯ / ২৪ এপ্রিল ২০২২

অনুলিপি: সদয় অবগতির জন্য-

০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়;
০২. জেলা প্রশাসক (সকল জেলা);
০৩. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সকল জেলা;
০৪. প্রকল্প পরিচালক, Western Economic Corridor & Regional Enhancement Program (WeCARE) Phase-I, এলজিইডি, ঢাকা;
০৬. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

২৪/৪/২০২২


(জেসমিন পারভীন)
উপসচিব